# আন-নূর | An-Nur | ٱلنُّور

আয়াতঃ ২৪ : ২৯

### আরবি মূল আয়াত:

لَیۡسَ عَلَیۡکُمۡ جُنَاحٌ اَنۡ تَدۡخُلُوۡا بُیُوۡتًا غَیۡرَ مَسۡکُوۡنَۃٍ فِیۡهَا مَتَاعٌ لَّکُمۡ ؕ وَ اللّٰهُ یَعۡلَمُ مَا تُبۡدُوۡنَ وَ مَا تَکۡتُمُوۡنَ ﴿۲۹﴾

### অনুবাদসমূহ:

যে ঘরে কেউ বাস করে না, তাতে তোমাদের কোন ভোগসামগ্রী থাকলে, সেখানে তোমাদের প্রবেশে কোন পাপ হবে না। আর আল্লাহ জানেন যা তোমরা প্রকাশ কর আর যা তোমরা গোপন কর। — আল-বায়ান

সে ঘরে কেউ বাস করে না, তোমাদের মালমাত্তা থাকে, সেখানে প্রবেশ করলে তোমাদের কোন পাপ হবে না, আল্লাহ জানেন তোমরা যা প্রকাশ কর আর যা তোমরা গোপন কর। — তাইসিরুল

যে গৃহে কেহ বাস করেনা তাতে তোমাদের জন্য দ্রব্য সামগ্রী থাকলে সেখানে তোমাদের প্রবেশে কোনো পাপ নেই এবং আল্লাহ জানেন যা তোমরা প্রকাশ কর এবং যা তোমরা গোপন কর। — মুজিবুর রহমান

There is no blame upon you for entering houses not inhabited in which there is convenience for you. And Allah knows what you reveal and what you conceal. — Sahih International

২৯. যে ঘরে কেউ বাস করে না(১) তাতে তোমাদের কোন ভোগ করা(২) বা উপকৃত হওয়ার অধিকার থাকলে সেখানে তোমাদের প্রবেশে কোন পাপ নেই। আর আল্লাহ জানেন যা তোমরা প্রকাশ কর এবং যা তোমরা গোপন কর।

(১) আয়াতে (بُيُوتًا غَيْرَ مَسْكُونَةٍ) বলে এমন গৃহ বুঝানো হয়েছে, যা কোন বিশেষ ব্যক্তি অথবা গোষ্ঠীর বাসগৃহ নয়; বরং সেটাকে ভোগ করার ও সেখানে অবস্থান করার অধিকার প্রত্যেকের আছে। যেমন বিভিন্ন শহরে ও প্রান্তরে এই উদ্দেশ্যে নির্মিত মুসাফিরখানাসমূহ, হোটেল, বাজার এবং একই কারণে মসজিদ, দ্বীনী পাঠাগার ইত্যাদি সব জনহিতকর প্রতিষ্ঠানও এই বিধানের অন্তর্ভুক্ত। যেখানে লোকদের জন্য প্রবেশের সাধারণ অনুমতি আছে এসব স্থানে প্রত্যেকেই বিনা অনুমতিতে প্রবেশ করতে পারে। [তাবারী, ফাতহুল কাদীর, মুয়াস্সার]

(২) مَتَاعٌ শব্দের আভিধানিক অর্থ কোন বস্তুকে ভোগ করা, ব্যবহার করা এবং তা দ্বারা উপকৃত হওয়া। যার দ্বারা উপকৃত হওয়া যায় তাকেও مَتَاعٌ বলা হয়। [কুরতুবী, বাগভী]

তাফসীরে জাকারিয়া

(২৯) যে গৃহে কেউ বাস করে না, তাতে তোমাদের জন্য উপকার (বা আসবাব-পত্র) থাকলে সেখানে তোমাদের প্রবেশে কোনও পাপ নেই[1] এবং আল্লাহ জানেন, যা তোমরা প্রকাশ কর এবং যা তোমরা গোপন কর। [2]

[1] এ গৃহ থেকে কোন্ গৃহ বা ঘর উদ্দেশ্য, যে ঘরে বিনা অনুমতিতে প্রবেশ করার অনুমতি দেওয়া হচ্ছে? কেউ কেউ বলেন, সেই ঘর উদ্দেশ্য, যা শুধু মাত্র অতিথিদের জন্য তৈরী করা হয়েছে। এর জন্য মালিকের নিকট হতে প্রথমবার অনুমতি চেয়ে নেওয়াই যথেষ্ট। কেউ কেউ বলেন, এর অর্থ পান্থশালা (মুসাফিরখানা, হোটেল) বা বাণিজ্যিক (দোকান) ঘর। مَتَاعٌশব্দের অর্থ উপকার, আসবাব-পত্র।

[2] এতে সেই সব লোকদের সতর্ক করা হয়েছে, যারা অন্যের ঘরে প্রবেশ করার সময় উক্ত আদবের খেয়াল রাখে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2820

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন